# MCQ গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স MCQ

## Answers with Explanation

1. (d) কানপুর আইআইটি'র 'জাস্ট ট্রানজিশন রিসার্চ সেন্টার' ওয়াশিংটন ডিসিতে 'A Global Just Transition Network' তৈরি করতে সম্প্রতি 'Energy Security and Climate Change program' নামক মার্কিন সংস্থার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। অ্যাচিভার্স

2. (d) অন্ধ্রপ্রদেশের 'দ্য গ্রেঙ্কো গ্রুপ' কুরনুলে ৫২৩০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনোক্ষম বিশ্বের বৃহত্তম Integrated Renewable Energy Storage Project (IRESP) গড়ে তুলতে চলেছে?

3. (a) সম্প্রতি আরবিএল ব্যাঙ্ক গ্রাহকদের ইউপিআই পরিষেবা দেওয়ার জন্য অ্যামাজন ওয়েব সার্ভিস সংস্থার সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে?

4. (c) ২০ মে সারা বিশ্ব জুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড বী ডে'র এ বছরের থিম হল- 'Bee Engaged : Celebrating the diversity of bees and beekeeping systems'.

5. (c) উত্তরাখণ্ড সরকার সারা রাজ্যজুড়ে নবায়নযোগ্য শক্তি প্রকল্পের জন্য বিপিসিএলে'র সঙ্গে মউ স্বাক্ষর করেছে।

**এক নজরে বিপিসিএল:**

**সদর কার্যালয়—** মুম্বাই অ্যাচিভার্স

**বর্তমান সিএমডি—** অরুণ কুমার সিং

6. (c) ২২-২৩ মে উত্তর বঙ্গোপসাগরে ভারত এবং বাংলাদেশের নৌ বাহিনীর মধ্যে যৌথ নৌ মহড়া- 'CORPAT' অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের আইএনএস কোরা, গাইডেড মিশাইল করভেট এবং অফশোর প্যাট্রোল ভেসেল এতে অংশগ্রহণ করেছিল।

7. (c) কেনিয়ার বিশিষ্ট নার্স আন্না কাবলে দিউবা ২০২২ সালের অ্যাস্টার গার্ডিয়ানস গ্লোবাল নার্সিং অ্যাওয়ার্ডে ভূষিত হলেন। কেনিয়ায় মেয়েদের যৌন নিপীড়নের বিরুদ্ধে প্রতিবাদ করার স্বীকৃতি স্বরূপ তিনি এই পুরস্কারে ভূষিত হলেন।

8. (b) সম্প্রতি অ্যান্টনি নরম্যান আলবেনিজ অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী হিসাবে পূর্ববর্তী পদাধিকারী স্কট মরিসনের স্থলাভিষিক্ত হলেন।

9. (b) সম্প্রতি বিজয় শেখর শর্মা পেটিএমের এমডি এবং সিইও হিসাবে পরবর্তী পাঁচ বছরের জন্য নিযুক্ত হলেন।

10. (c) ভারতের প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী'র মৃত্যুবার্ষিকী উপলক্ষ্যে ২১ মে সারা দেশ জুড়ে অ্যান্টি টেররিজম ডে পালিত হয়। অ্যাচিভার্স

11. (d) কেরল রাজ্য সরকার ভারতের প্রথম রাজ্য হিসাবে ওভার-দ্য-টপ প্ল্যাটফর্ম "CSpace" চালু করেছে। এটি কেরল স্টেট ফিল্ম ডেভেলপমেন্ট কর্পোরেশন কর্তৃক পরিচালিত হবে।

12. (a) কেন্দ্রীয় ক্ষুদ্র, ছোট ও মাঝারি শিল্পদ্যোগ মন্ত্রক কর্তৃক নতুন দিল্লিতে ভারতের প্রথম 'সেন্টার অফ এক্সিলেন্স ফর খাদি' গড়ে উঠল।

13. (c) ১৭-১৯ মে ভারতের নতুন দিল্লিতে Shanghai Cooperation Organisation Regional Anti-Terrorist Structure Summit-2022 অনুষ্ঠিত হয়ে গেল। অ্যাচিভার্স

14. (b) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক 'Customers Services Standards' এর গুণমান খতিয়ে দেখতে বি পি কানুনগোর নেতৃত্বে ছয় সদস্যের এক কমিটি গঠন করেছে। বি পি কানুনগো ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন ডেপুটি গভর্নর।

15. (c) সম্প্রতি এইচডিএফসি ব্যাঙ্ক রসায়নবিদ, ফার্মাসিস্ট এবং খুচরো ব্যবসায়ীদের জন্য কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করেছে। ব্যাঙ্কটি রিটালিও'র যৌথ সহযোগিতায় এই কার্ড তৈরী করেছে।

16. (c) ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ সম্প্রতি বিনয় কুমার সাক্সেনাকে দিল্লির লেফটেন্যান্ট গভর্নর হিসাবে নিযুক্ত করলেন যিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী অনিল বাইজালের স্থলাভিষিক্ত হলেন? অ্যাচিভার্স

17. (a) ২৩ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া 'ওয়ার্ল্ড টার্টেল ডে'র এবছরের থিম হল - Shellebrate! Asks Everyone To Long and Save Turtles'.

18. (d) ভারতের প্রথম উত্তরাখণ্ড রাজ্য স্বাস্থ্য ক্ষেত্রে নজরদারি চালানোর জন্য 'কর্মাশিয়াল ড্রোন সার্ভিস' চালু করেছে। প্রথম পর্যায়ে ৪০টি ড্রোনের সফল পরীক্ষা সম্পন্ন হয়েছে।

19. (c) সম্প্রতি প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী তৈল উৎপাদন সংস্থা সৌদি আরামকো কোম্পানি বিশ্বের মূল্যবান কোম্পানির তালিকায় অ্যামাজনকে পেছনে ফেলে প্রথম স্থানে অধিকার করেছে।

20. (a) 'কবিতা বিতান' কাব্যগ্রন্থের জন্য পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় 'বাংলা অ্যাকাডেমি অ্যাওয়ার্ড'-এ ভূষিত হলেন।

21. (d) সম্প্রতি ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের পরিচালন বোর্ড ডিরেক্টর জেনারেল হিসাবে ডক্টর টেড্রস আধানোম গ্যাব্রিয়েসাসকে পরবর্তী পাঁচ বছরের জন্য পুনরায় নির্বাচিত করেছে। তিনি ২০১৭ সালে প্রথমবার এই পদে নিযুক্ত হয়েছিলেন। অ্যাচিভার্স

**একনজরে 'হু'—**

**প্রতিষ্ঠাকাল—** ১৯৪৮ সালে।

**সদর কার্যালয়—** জেনেভা, সুইৎজারল্যান্ড।

22. (d) ভারতের বৃহত্তম ডোমেস্টিক এয়ারলাইন্স কোম্পানি ইন্ডিগোর চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নির্বাচিত হলেন পিটার এলবার্স। তিনি চলতি বছরের ১ অক্টোবর থেকে এই পদে পূর্ববর্তী পদাধিকারী রণজয় দত্তের স্থলাভিষিক্ত হবেন।

23. (b) রাসকিন বন্ড হলেন একজন প্রোথিতযশা ভারতীয় বংশোদ্ভূত লেখক। সম্প্রতি তিনি 'Listen to Your Heart : The London Adventure?' নামক গ্রন্থটি রচনা করেছেন। তিনি ১৯৯২ সালে ভারত সরকার কর্তৃক প্রদত্ত সাহিত্য অ্যাকাডেমি পুরস্কারে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

24. (c) ২৫ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড থাইরয়েড ডে'র এবছরের থিম হল--- 'Thyroid and Communication'।

25. (c) সম্প্রতি উত্তর বঙ্গোপসাগরের মোঙ্গলা পোর্টে ভারত ও বাংলাদেশের মধ্যে অনুষ্ঠিত হল তৃতীয় নৌমহড়া 'বঙ্গসাগর - ২০২২'। এই মহড়ায় ভারতের 'আইএনএস কোরা' অংশগ্রহণ করেছিল।

26. (c) ক্যাপ্টেন অভিলাশা বারাক প্রথম ভারতীয় মহিলা কমব্যাট অ্যাভিয়েটর হিসাবে ইন্ডিয়ান আর্মি অ্যাভিয়েশন কর্পস-এ হেলিকপ্টার পাইলট হিসাবে যোগ দিয়েছেন।

27. (d) কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রকের অধীনস্থ ইন্ডিয়া পোস্ট পেমেন্টস ব্যাঙ্ক গ্রাহক সাধারণের কথা ভেবে আধার এনাবেল পেমেন্ট সিস্টেম চালু করেছে। এই সিস্টেমের মাধ্যমে গ্রাহকরা তাঁদের অ্যাকাউন্ট থেকে টাকা তোলা, জমা দেওয়া বা মিনি স্টেটমেন্ট নিতে পারবেন। অ্যাচিভার্স

28. (a) ভারতী এয়ারটেল লিমিটেডের চিফ এগজিকিউটিভ অফিসার হিসাবে নিযুক্ত হলেন গোপাল ভিত্তল। তিনি এই পদে ২০২৮ সালের ৩১ জানুয়ারি পর্যন্ত নিযুক্ত থাকবেন।

29. (a) সম্প্রতি ভারত মহাসাগরে দুটি ঘূর্ণিঝড়ের সৃষ্টি হয়েছিল, যার একটির নাম 'করিম' এবং অপরটির নাম 'অশনি'। করিম নামটি দিয়েছে সেসেলস এবং অশনি নামটি দিয়েছে শ্রীলঙ্কা।

30. (c) গীতাঞ্জলি শ্রী হলেন ভারতের একজন বিশিষ্ট হিন্দি ঔপন্যাসিক, যিনি এযাবৎ সমগ্র সাহিত্য জীবনে উপন্যাস, ছোটগল্প রচনা করেছেন। তিনি প্রথম ভারতীয় লেখিকা হিসাবে আন্তর্জাতিক বুকার প্রাইজে ভূষিত হয়েছেন। তিনি Tom of Sand নামক উপন্যাসের জন্য এই পুরস্কারে ভূষিত হয়েছেন।

31. (c) ইউরোপিয়ান অঞ্চলে সর্বাধিক হারে পাওয়া মানি স্পাইডার সম্প্রতি ভারতের ওয়ানাড ওয়াইল্ডলাইফ স্যাঙ্কচুয়ারিতে পাওয়া গেছে। এই স্যাঙ্কচুয়ারিটি কেরলে কাবিনি নদীর (কাবেরীর উপনদী) নিকটে অবস্থিত। অ্যাচিভার্স

32. (c) সম্প্রতি অনলাইন প্লাটফর্মে অনুষ্ঠিত ২০২২ সালের মেল্টওয়াটার চ্যাম্পিয়ন্স চেস ট্যুর চেসেবেল মাস্টার্স টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হলেন চীনের ডিং লিরেন। তিনি ভারতের আর প্রজ্ঞানন্দকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছেন।

33. (c) রাজস্থান সরকার প্রত্যেক রাজ্যবাসীকে স্বাস্থ্য সংক্রান্ত খাতে অর্থ সঞ্চয় করার অভ্যাস গড়ে তোলার জন্য ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশনের যৌথ সহায়তায় স্বাস্থ্য সংক্রান্ত অ্যাকাউন্ট চালু করেছে।

34. (d) আদানি ডিফেন্স সিস্টেমস অ্যান্ড টেকনোলজিজ লিমিটেড সম্প্রতি বেঙ্গালুরুর স্টার্টআপ কোম্পানি জেনারেল অ্যারোনটিক্স প্রাইভেট লিমিটেডের ৫০% শেয়ার অধিগ্রহণ করল। অ্যাচিভার্স

35. (b) সম্প্রতি জিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া এবং ক্যালকাটা ইউনিভার্সিটির গবেষকগণ অরুণাচল প্রদেশে অতীতের এক পুরোনো বানর প্রজাতির সন্ধান পেয়েছেন, যার নাম 'Sela Macaque'।

36. (c) সারা বিশ্বজুড়ে খাদ্য সংকট সংক্রান্ত বিষয়ে জনগণকে সচেতন করে তোলার উদ্দেশ্যে ২৮ মে ওয়ার্ল্ড হাঙ্গার ডে পালিত হয় যার এবছরের থিম হল– '#YouthEndingHunger'।

37. (d) সম্প্রতি জম্মু-কাশ্মীরের কাঠুয়াতে ইন্ডাস্ট্রিয়াল বায়োটেক পার্ক গড়ে উঠল। যেটি উত্তর ভারতের প্রথম ইন্ডাস্ট্রিয়াল বায়োটেক পার্ক। এটি CSIR-IIIM এর অধীনে কাজ করবে।

38. (d) ভারতের বৃহত্তম বিমা সংস্থা এলআইসি সম্প্রতি গ্রাহকদের জন্য বিমা রত্ন নামক এক ব্যক্তিগত সেভিংস লাইফ ইন্সিয়োরেন্স প্ল্যান চালু করেছে।

**একনজরে এলআইসি—**

**প্রতিষ্ঠাকাল—** ১৯৫৬ সাল।

**সদর কার্যালয়—** মুম্বাই।

**বর্তমান চেয়ারপার্সন—** এম আর কুমার। অ্যাচিভার্স

39. (c) সম্প্রতি ব্যাঙ্ক অফ ইংল্যান্ডের মানিটারি পলিসির এক্সটার্নাল মেম্বার হিসাবে নিযুক্ত হয়েছেন ভারতীয় বংশোদ্ভূত স্বাতী ধিংড়া। তিনি বর্তমানে লন্ডন স্কুল ইকনমিকসের অ্যাসোসিয়েট প্রফেসর হিসাবে কর্মরত আছেন। তিনি প্রথম ভারতীয় বংশোদ্ভূত মহিলা হিসাবে এই পদে নিযুক্ত হয়েছেন।

40. (c) ভারতীয় নৌবাহিনীর ওয়েস্টার্ন ফ্লিটসের সর্বাধিক পুরোনো যুদ্ধ জাহাজ আইএনএস গোমতীকে কর্ম থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। ১৯৮৮ সালের ১৬ এপ্রিল তাকে প্রথম ভারতীয় নৌবাহিনীতে অন্তর্ভুক্ত করা হয়েছিল। দীর্ঘ ৩৪ বছর পর আইএনএস গোমতীকে কর্ম থেকে অব্যাহতি দেওয়া হল।

41. (b) ২৯ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ইন্টারন্যাশনাল ডে অফ ইউএন পিসকিপার্স ডে'র এবছরের থিম হল— 'People. Peace. Progress. The Power of Partnerships.'।

42. (a) ভারতীয় সুপ্রিম কোর্ট সম্প্রতি যৌনকর্মীদের জীবিকা নির্বাহের পথ প্রশস্ত করার জন্য যৌনতাকে পেশা হিসাবে আইনি স্বীকৃতি প্রদান করেছে। এল নাগেশ্বর রাওয়ের নেতৃত্বাধীন তিন সদস্যের ডিভিশন বেঞ্চ এই নির্দেশ প্রদান করেছে।

43. (c) ব রিস্ক ম্যানেজমেন্ট সংক্রান্ত বিষয়ে পর্যালোচনা করার জন্য জয়ন্ত আর ভার্মার নেতৃত্বে ১৪ সদস্যের রিস্ক ম্যানেজমেন্ট কমিটি গঠন করেছে। জয়ন্ত আর ভার্মা বর্তমানে আহমেদাবাদের আইআইএম-এর অধ্যাপক হিসাবে কর্মরত আছেন। অ্যাচিভার্স

**একনজরে সেবি—**
**প্রতিষ্ঠাকাল—** ১৯৮৮ সাল।
**সদর কার্যালয়—** মুম্বাই।
**বর্তমান চেয়ারম্যান—** মাধবী পুরি বাচ।

অ্যাচিভার্স

44. (b) ভারতের রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ লোকপালের কার্যকরী বিচারপতি চেয়ারপার্সন হিসাবে প্রদীপকুমার মোহান্তিকে নিযুক্ত করার সুপারিশ করেছে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বিচারপতি পিনাকী চন্দ্র ঘোষের স্থলাভিষিক্ত হলেন।

45. (b) কেন্দ্রীয় সরকার পেনশন ফান্ড রেগুলেটরি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটির আংশিক সময়ের সদস্য হিসাবে নিযুক্ত হয়েছেন ফিনান্সিয়াল সার্ভিসেস ডিপার্টমেন্টের যুগ্ম সচিব পঙ্কজ শর্মা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী বন্দিতা কাউলের স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, PFRDA'র পরিচালন বোর্ডে একজন চেয়ারম্যান, তিনজন পূর্ণসময়ের সদস্য এবং তিনজন আংশিক সময়ের সদস্য থাকেন।

46. (b) কেন্দ্রীয় সরকারের চালু করা ন্যাশনাল সুপার কম্পিউটিং মিশনের আওতায় 'PARAM ANANTA' সুপার কম্পিউটার প্রস্তুত করেছে গান্ধীনগর আইআইটি। কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্য প্রযুক্তি এবং সায়েন্স অ্যান্ড টেকনোলজি ডিপার্টমেন্টের যৌথ সহযোগিতায় এটি প্রস্তুত করা হয়েছে।
**PARAM ANANTA সম্পর্কিত তথ্য—**
CPU– 7400 Crores
RAM– 52 TB
Storage Capacity – 1PiB

অ্যাচিভার্স

47. (d) সম্প্রতি নরওয়েতে অনুষ্ঠিত দশম নরওয়ে চেস ব্লিটজ - ২০২২ দাবা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন ফিলিপিন্স-মার্কিন দাবাড়ু ওয়েসলে বারবোসা সো। এই প্রতিযোগিতায় ভারতের গ্র্যান্ড মাস্টার বিশ্বনাথন আনন্দ চতুর্থ স্থান অধিকার করেছেন।

48. (d) ৩১ মে সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড নো টোবাকো ডে'র এবছরের থিম হল-- 'Threat to our Environment'।

49. (a) সম্প্রতি প্রকাশিত এক কৃষি রিপোর্ট অনুযায়ী ২০২১-২২ সালের ভারতে চিনি উৎপাদনের তালিকায় মহারাষ্ট্র প্রথম স্থানে রয়েছে। চিনি উৎপাদনের তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছে উত্তরপ্রদেশ।

অ্যাচিভার্স

50. (a) ৩১ মে কর্ণাটকের ৩৯তম মুখ্য সচিব হিসাবে নিযুক্ত হয়েছেন বন্দিতা শর্মা। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পি রবিকুমারের স্থলাভিষিক্ত হয়েছেন। তিনি এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে কর্ণাটকের অ্যাডিশনাল চিফ সেক্রেটারি কাম ডেভেলপমেন্ট কমিশনার হিসাবে কর্মরত ছিলেন।

51. (b) সম্প্রতি ওয়ার্ল্ড ডাইরেক্টরি অফ মডার্ন মিলিটারি এয়ারক্র্যাফট কর্তৃক প্রকাশিত ২০২২ সালের গ্লোবাল এয়ার পাওয়ার্স র‍্যাঙ্কিং এর তালিকায় ভারত রয়েছে ষষ্ঠ স্থানে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্রের 'দ্য ইউনাইটেড স্টেটস এয়ারফোর্স', দ্বিতীয় স্থানে রয়েছে 'দ্য ইউনাইটেড স্টেটস নেভি' এবং তৃতীয় স্থানে রয়েছে 'রাশিয়ান এয়ারফোর্স'।

52. (b) সম্প্রতি ন্যাশনাল অ্যাসেটস রিকনস্ট্রাকশন কোম্পানি লিমিটেডের (NARCL) এমডি এবং সিইও হিসাবে নিযুক্ত হলেন নটরাজন সুন্দর। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী পদ্মাকুমার এম নায়ারের স্থলাভিষিক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ওই সংস্থার স্বাধীন ডিরেক্টর হিসাবে নির্বাচিত হয়েছেন আরবিআই-এর প্রাক্তন এগজিকিউটিভ ডিরেক্টর মালবিকা সিনহা।

অ্যাচিভার্স

53. (d) ভারতের কিংবদন্তী প্রাক্তন ক্রিকেটার শচীন তেন্ডুলকর ইউনিসেফের শুভেচ্ছা দূত হিসাবে পুনর্নিযুক্ত হলেন। তিনি এই নিয়ে টানা ২০ বছর এই পদে অধিষ্ঠিত আছেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০৩ সালে ভারতে পোলিও রোগ নির্মূলীকরণের প্রচারাভিযান কর্মসূচীতে ইউনিসেফ কর্তৃক শুভেচ্ছা দূত হিসাবে নিযুক্ত হয়েছিলেন।

54. (b) সারা বিশ্বজুড়ে বাবা-মায়ের অবদানকে সম্মান জানাতে ১ জুন গ্লোবাল ডে অফ পেরেন্টস পালিত হল। যার এবছরের থিম হল— 'Appreciate All Parents Throughout the World'।

55. (c) তামিলনাড়ু সরকার পেনশন প্রাপক অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীদের ডিজিটালি লাইফ সার্টিফিকেট নেওয়ার জন্য ইন্ডিয়া পোস্ট পেমেন্ট ব্যাঙ্কের সঙ্গে যৌথ মউ স্বাক্ষর করেছে। বাড়ি গিয়ে লাইফ সার্টিফিকেট নেওয়ার জন্য প্রত্যেকের কাছ থেকে পরিষেবা মূল্য হিসাবে ৭০ টাকা নেওয়া হবে।

56. (a) দুগ্ধ উৎপাদন শিল্পে নিযুক্ত ব্যক্তিদের উৎসাহ জোগানোর উদ্দেশ্যে ১ জুন সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড মিল্ক ডে পালিত হল। ২০০১ সালে এই দিবসটি প্রথম পালন করা শুরু হয়েছিল।

অ্যাচিভার্স

57. (d) সম্প্রতি ওড়িশার ভুবনেশ্বরে আয়োজিত ন্যাশনাল মিনারেল কংগ্রেসে গৃহীত এক সিদ্ধান্ত অনুযায়ী কেন্দ্রীয় সরকার ২০৩০ সাল নাগাদ ১০০ মিলিয়ন টন কয়লাকে গ্যাসীয়করণ করার পদ্ধতিগত লক্ষ্যমাত্রা নিয়েছে।

58. (d) মাল্টি চ্যানেল ভেহিকেল বায়িং অ্যান্ড সেলিং প্লাটফর্ম CarTrade Tech Limited ক্রেতাদের গাড়ি কিংবা বাইক কেনার আর্থিক সাহায্যের জন্য IDFC First Bank-এর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে। এই জন্য সংস্থাটি Carwale abSure নামক এক অনলাইন প্লাটফর্ম চালু করেছে।

59. (b) টেসলার চিফ এগজিকিউটিভ অফিসার এলন মাস্ক সম্প্রতি ফরচুন ম্যাগাজিন কর্তৃক প্রকাশিত বিশ্বের ৫০০ জন ধনী সিইওদের তালিকায় প্রথম স্থানে রয়েছেন। এই তালিকায় দ্বিতীয় স্থানে রয়েছেন টিম কুক এবং তৃতীয় স্থানে রয়েছেন জেনসন হুয়াং।

অ্যাচিভার্স

60. (a) কেন্দ্রীয় সরকারের নিয়োগ সংক্রান্ত কমিটি ন্যাশনাল ইনফর্মেটিক সেন্টারের ডিরেক্টর জেনারেল হিসাবে রাজেশ গেরাকে নিযুক্ত করার সুপারিশ করল। তিনি এই পদে নিযুক্ত

হওয়ার পূর্বে ওই সংস্থার ডেপুটি ডিরেক্টর জেনারেল হিসাবে কর্মরত ছিলেন।

61. (c) যৌনকর্মীদের কাজ ও জীবিকাকে সম্মান জানাতে ২ জুন সারা বিশ্বজুড়ে ইন্টারন্যাশনাল সেক্স ওয়ার্কার ডে পালিত হল। প্রসঙ্গত উল্লেখ্য, ভারতের মহামান্য সুপ্রিম কোর্ট যৌনকর্মীদের যৌন সংক্রান্ত কাজকে পেশাগত আইনি স্বীকৃতি প্রদান করেছে। এবছরের এই দিবসের থিম হল– 'Access to Justice'। অ্যাচিভার্স

62. (d) ভারতীয় নির্বাচন কমিশন যুবসমাজকে ভোটদানের গুরুত্ব বোঝাতে বিশিষ্ট ক্রিকেটার যশ ধুলকে দিল্লির স্টেট আইকন হিসাবে নিযুক্ত করল। তিনি এই পদে নিযুক্ত হওয়ার সুবাদে কলেজে অনুষ্ঠিত বিভিন্ন ভোটার জনসচেতনতা কর্মসূচীতে অংশগ্রহণ করবেন।

63. (c) সামাজিক, আর্থিক ও পরিবেশগত ক্ষেত্রে বাইসাইকেলের উপযোগিতার সচেতনতা বৃদ্ধি করতে ৩ জুন সারা বিশ্বজুড়ে বিশ্ব বাইসাইকেল দিবস উদযাপিত হয়। যেই দিনটি ২০১৮ সালে রাষ্ট্রসংঘ কর্তৃক প্রথম পালন করা শুরু হয়েছিল।

64. (a) পণ্ডিত ভজনলাল সাপুরি ছিলেন একজন বিশিষ্ট সন্তুর যন্ত্রসংগীত শিল্পী। তিনি সুফিয়ানা ঘরানার ধ্রুপদ সংগীতেও বিশেষ পারদর্শিতা দেখিয়েছেন। ১৯৯২ সালে তিনি সংগীত নাটক অ্যাকাডেমি অ্যাওয়ার্ড এবং ২০০৪ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন। অ্যাচিভার্স

65. (c) কেন্দ্রীয় সরকার ইপিএফও অ্যাকাউন্টধারী ব্যক্তিদের জমানো টাকার ওপর ২০২১-২২ অর্থবর্ষে ৮.১% হারে সুদ প্রদান করেছে, যা ১৯৭৭-৭৮ অর্থবর্ষ থেকে বর্তমান সময়কাল অবধি সুদের হার সর্বনিম্ন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২০-২১ অর্থবর্ষে প্রদেয় সুদের হার ছিল ৮.৫০%।

66. (b) সম্প্রতি চণ্ডীগড়ে দেশের মধ্যে প্রথম ইন্ডিয়ান এয়ারফোর্স হেরিটেজ সেন্টার গড়ে উঠতে চলেছে। এখানে কর্ম থেকে অব্যাহতি দেওয়া এয়ারক্রাফট, অ্যারো ইঞ্জিনসহ অন্যান্য প্রাগৈতিহাসিক যন্ত্রাংশ সংরক্ষিত করে রাখা হবে।

67. (b) ৩ জুন প্রকাশিত ব্লুমবার্গ বিলিওনিয়ার ইনডেক্স-২০২২ এ এশিয়ার ধনী ব্যক্তিদের তালিকায় প্রথম স্থানে রয়েছেন রিলায়্যান্স ইন্ডাস্ট্রিজ লিমিটেডের সিএমডি মুকেশ আম্বানি। তাঁর মোট সম্পত্তির পরিমাণ ৯৯.৭ বিলিয়ন। প্রসঙ্গত উল্লেখ্য, তিনি বিশ্বের ধনী ব্যক্তিদের তালিকায় অষ্টম স্থানে রয়েছেন।

68. (d) বেঙ্গালুরুর ডেটার টেকনোলজি প্রাইভেট লিমিটেড/Ambee সম্প্রতি নাসার PACE (Plankton, Aerosal, Cloud, Ocean Ecosystem) Mission-এর আর্লি অ্যাডপটার হিসাবে নির্বাচিত হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, নাসার PACE Mission ২০২৪ সাল নাগাদ কার্যকরী হওয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। অ্যাচিভার্স

69. (a) কেন্দ্রীয় নবায়নযোগ্য শক্তি মন্ত্রকের সক্রিয় সমর্থনে ন্যাশনাল সোলার এনার্জি ফেডারেশন অফ ইন্ডিয়া সারা ভারত জুড়ে বাড়ির ছাদের উপর সোলার প্যানেল প্রতিস্থাপন করার জনসচেতনতা গড়ে তোলার উদ্দেশ্যে 'ঘরকে উপর, সোলার ইজ সুপার' নামক এক প্রচারাভিযান কর্মসূচী চালু করেছে। এই প্রচারাভিযানের মুখ্য উদ্দেশ্য হল স্থানীয় প্রশাসন, নাগরিক ও নাগরিক কল্যাণ প্রতিষ্ঠান সমূহদের সৌর বিদ্যুৎ ব্যবহারে উৎসাহিত করা। অ্যাচিভার্স

70. (b) ৫-১৬ জুন বাংলাদেশের যশোর মিলিটারি স্টেশনে ভারত ও বাংলাদেশের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক মহড়া 'Ex SAMPRITI-X 2022' অনুষ্ঠিত হয়ে গেল। ভারতের হয়ে দোগরা রেজিমেন্টের সেনারা এতে অংশগ্রহণ করেছিল।

71. (c) সম্প্রতি আলবেনিয়ার রাষ্ট্রপতি নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ ভোটে জয়লাভ করলেন মেজর জেনারেল বাজরাম বেগাজ। তিনি চলতি বছরের ২৫ জুলাই আনুষ্ঠানিকভাবে এই পদের দায়িত্ব গ্রহণ করবেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২০ থেকে ৪ জুন ২০২২ পর্যন্ত তিনি আলবেনিয়ান আর্মি ফোর্সের ২৬তম চিফ অফ জেনারেল স্টাফ হিসাবে কর্মরত ছিলেন।

72. (a) সারা বিশ্বজুড়ে রাশিয়ান ল্যাঙ্গুয়েজের ইতিহাস, সংস্কৃতি ও উন্নয়ন সম্পর্কে জনসচেতনতা তৈরি করতে ৬ জুন সারা বিশ্বজুড়ে ইউনাইটেড নেশনস রাশিয়ান ল্যাঙ্গুয়েজ ডে পালন করল। অ্যাচিভার্স

73. (c) ৬-২০ জুন মঙ্গোলিয়ার উলানবাতারের ফাইভ হিলস ট্রেনিং এরিয়াতে ভারত ও মঙ্গোলিয়া সেনাবাহিনীর মধ্যে অনুষ্ঠিত হল দ্বিপাক্ষিক সামরিক মহড়া 'Ex Khaan Quest- 2022'। এই মহড়ায় ভারতের হয়ে অংশগ্রহণ করেছিল লাদাখ স্কাউটস।

74. (b) সম্প্রতি আর্থ ইনস্টিটিউট অফ ইয়েল অ্যান্ড কলম্বিয়া ইউনিভার্সিটি কর্তৃক প্রকাশিত এনভায়রনমেন্টাল পারফরমেন্স ইনডেক্স- ২০২২ এর তালিকায় ভারত ১৮০তম স্থানে রয়েছে, যে তালিকায় প্রথম স্থানে আছে ডেনমার্ক।

75. (c) মানি মার্কেট রেগুলেটরি কমিটি 'সেবি' সম্প্রতি মিউচুয়াল ফান্ডস বিষয়ে পর্যালোচনা করার উদ্দেশ্যে ঊষা থোরাটের নেতৃত্বে ২৫ সদস্যের এক অ্যাডভাইজরি কমিটি গঠন করেছে। ঊষা থোরাট হলেন ভারতীয় রিজার্ভ ব্যাঙ্কের প্রাক্তন ডেপুটি গভর্নর।

76. (b) ৭ জুন সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ফুড সেফটি ডে'র এবছরের থিম হল– 'Safer Food, Better Health'।

77. (a) সম্প্রতি ভারতের ডানহাতি ব্যাটার মিতালী রাজ সমস্ত ধরনের আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসর নিলেন। তিনি এপর্যন্ত ১২টি টেস্টে ৬৯৯ রান, ২৩২টি ওয়ান ডে ম্যাচে ৭৮০৫ রান ও ৮৯টি টি-২০ ম্যাচে ২৩৬৪ রান সংগ্রহ করেছেন। কর্মক্ষেত্রে অসামান্য অবদানের জন্য তিনি ২০১৫ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত হয়েছেন।

78. (d) ৮ জুন সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড ওশান ডে'র এবছরের থিম হল– 'Revitalization : Collective Action for the Ocean'। অ্যাচিভার্স

79. (c) সম্প্রতি বেসরকারি অ্যাক্সিস ব্যাঙ্ক ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের যৌথ সহযোগিতায় গ্রাহকদের জন্য কো-ব্র্যান্ডেড কন্ট্যাক্টলেস ক্রেডিট কার্ড- 'INDIANOIL AXIS BANK RuPay Credit Card' চালু করল?

80. (c) ৯ জুন সারা বিশ্বজুড়ে পালিত হওয়া ওয়ার্ল্ড অ্যাক্রিডিটেশন ডে'র এবছরের থিম হল-- 'Accreditation : Sustainablity in Economic Growth and Environment'। অ্যাচিভার্স

81. (a) ভারতের বিশিষ্ট সংগীতশিল্পী এ আর রহমান ইন্ডিয়া-ইউকে টুগেদার 'সিজিন অফ কালচার'-এর বিপণণ দূত হিসাবে নিযুক্ত হলেন। 'সিজিন অফ কালচার' সংস্থাটি ভারত এবং ব্রিটিশ যুক্তরাজ্যের মধ্যে শিল্প, শিক্ষা ও ভাষা সংক্রান্ত বিষয়ে দ্বিপাক্ষিক সম্পর্ক বৃদ্ধির ক্ষেত্রে কাজ করে।

82. (c) অর্গানাইজেশন ফর ইকনমিক কোঅপারেশন অ্যান্ড ডেভেলপমেন্ট (OECD)-র ইকনমিক আউটলুক জুন, ২০২২ অনুযায়ী ভারতে ২০২৩ অর্থবর্ষে জিডিপি বৃদ্ধির হার ৮.১% থেকে কমে ৬.৯% হওয়ার অনুমান করা হয়েছে।

83. (d) ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ডের ম্যানেজিং ডিরেক্টর ক্রিস্টালিনা জিওর্জিয়েভা 'এশিয়া অ্যান্ড প্যাসিফিক ডিপার্টমেন্টে'র ডিরেক্টর হিসাবে কৃষ্ণা শ্রীনিবাসনকে নিযুক্ত করেছে। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী চ্যাংইয়ং হি'র স্থলাভিষিক্ত হলেন। কৃষ্ণা শ্রীনিবাসন এই পদে নিযুক্ত হওয়ার পূর্বে ওই ডিপার্টমেন্টের ডেপুটি ডিরেক্টর ছিলেন।

84. (b) আবুধাবি ইনভেস্ট অথরিটি সম্প্রতি IIFL Home Finance Limited-এর ২০% শেয়ার অধিগ্রহণ করার জন্য ২২০০ কোটি টাকা বিনিয়োগ করেছে। অ্যাচিভার্স

85. (c) হরিয়ানার হিসারে অবস্থিত ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ-ন্যাশনাল রিসার্চ সেন্টার অন ইকুইনিস (ICAR-NRCE) সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে পশুদের জন্য কোভিড-১৯ ভ্যাকসিন Anocovax তৈরি করেছে। এই ভ্যাকসিনটি সাধারণত কুকুর, সিংহ, চিতাবাঘ, ইঁদুর, খরগোশ প্রভৃতির ক্ষেত্রে কার্যকরী।

86. (c) মার্কিন যুক্তরাষ্ট্রের মহাকাশ গবেষণা সংক্রান্ত সংস্থা নাসা ২০২৯ সাল নাগাদ শুক্র গ্রহে DAVINCI (Deep Atmoshpere Venus Investigation of Noble Gases, Chemistry and Imaging) Mission উৎক্ষেপণ করতে চলেছে। এটি হবে শুক্র গ্রহের উদ্দেশ্যে নাসার প্রথম অভিযান।

87. (b) সিই ইনফো সিস্টেম লিমিটেডের সম্পূর্ণ সহকারী সংস্থা ম্যাপ মাই ইন্ডিয়া থ্রি-ডি কোয়ালিটির ম্যাপ প্রস্তুত করার জন্য ভারতের মহাকাশ গবেষণা সংস্থা ইসরোর সঙ্গে যৌথ চুক্তি স্বাক্ষর করেছে।

**একনজরে ইসরো—** অ্যাচিভার্স

**প্রতিষ্ঠাকাল—** ১৯৬৯ সাল।

**সদর কার্যালয়—** বেঙ্গালুরু।

**বর্তমান চেয়ারম্যান—** এস পি সোমানাথ।

88. (a) সম্প্রতি মার্কিন যুক্তরাষ্ট্রে মেরি ল্যান্ডে অনুষ্ঠিত ২০২২ সালের স্ক্রিপস ন্যাশনাল স্পেলিং বি কম্পিটিশনে চ্যাম্পিয়ন হলেন ভারতের হরিনি লগন। তিনি এই কম্পিটিশনে চ্যাম্পিয়ন হওয়ার সুবাদে একটি স্মারক মেডেল, একটি স্ক্রিপস কাপ এবং নগদ ৫০ হাজার মার্কিন ডলার পেয়েছেন।

89. (d) ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আরবিএল ব্যাঙ্কের এমডি এবং সিইও হিসাবে আর শুভ্রমনিয়াকুমারকে পরবর্তী তিন বছরের জন্য পুনর্নিযুক্ত করল। তিনি এই পদে পূর্ববর্তী পদাধিকারী রাজীব আহুজার স্থলাভিষিক্ত হয়েছিলেন।

**একনজরে আরবিএল ব্যাঙ্ক—** অ্যাচিভার্স

**প্রতিষ্ঠাকাল—** ১৯৪৩ সাল।

**পূর্বনাম—** রত্নাকর ব্যাঙ্ক।

**সদর কার্যালয়—** মুম্বাই।

**ট্যাগলাইন—** Apno Ka Bank.

90. (b) ১২ জুন আজারবাইজানের বাকু অনুষ্ঠিত ২০২২ সালের আজারবাইজান গ্রাঁপি ফর্মুলা ওয়ান কার রেসিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হলেন নেদারল্যান্ডের রেডবুল ড্রাইভার ম্যাক্স ভারস্টাপেন। এই প্রতিযোগিতায় দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছেন যথাক্রমে মেক্সিকোর সার্জিও পেরেজ এবং ব্রিটেনের জর্জ রাসেল।

91. (b) সারা বিশ্বজুড়ে শিশু শ্রমিকদের ক্ষতিকারক প্রভাব সম্পর্কে জনসচেতন করার উদ্দেশ্যে ১২ জুন সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ডে এগেইনস্ট চাইল্ড লেবার পালিত হল, যার এবছরের থিম হল– 'Universal Social Protection to End Child Labour'. অ্যাচিভার্স

92. (b) রাজস্থানের কারৌলি জেলা প্রশাসন গর্ভবতী মহিলাদের বিশেষ পরিচর্যা গ্রহণের জন্য 'আঁচল' নামক এক বিশেষ কর্মসূচী চালু করেছে। এই কর্মসূচীর আওতায় ওই জেলার ১৩ হাজারের বেশি গর্ভবতী মহিলাকে সন্তান জন্ম দেওয়ার আগে এবং পরে চিকিৎসা সংক্রান্ত সমস্ত কিছু পরিষেবা প্রদান করা হবে।

93. (a) সম্প্রতি প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী ভারতকে তেল সরবরাহকারী দেশের তালিকায় রাশিয়া সৌদি আরবকে পিছনে ফেলে দ্বিতীয় স্থানে উঠে এসেছে। এই তালিকায় প্রথম স্থানে রয়েছে ইরাক।

94. (b) সারা বিশ্বজুড়ে মানুষের মধ্যে রক্তদান করার সচেতনতা জাগিয়ে তুলতে ১৪ জুন সারা বিশ্বজুড়ে ওয়ার্ল্ড ব্লাড ডোনার ডে উদযাপিত হল। যার এবছরের থিম/স্লোগান হল–- 'Donating Blood is an act of solidarity. Join the effort and save lives'।

95. (d) মাদ্রাজ আইআইটি সারা ভারতে ম্যানুয়াল স্ক্যাভেনজিং নির্মূল করার জন্য 'HomoSEP' নামক রোবট প্রস্তুত করেছে। মাদ্রাজ আইআইটির সহকারী সেন্টার ফর নন-ডেস্ট্রাকটিভ ইভ্যালুয়েশনের ভারপ্রাপ্ত আধিকারিক প্রভু রাজাগোপাল এবং তার সহকর্মীরা এটি প্রস্তুত করেছে। অ্যাচিভার্স

96. (c) ভারতের অভীজ্ঞ আইপিএস অফিসার এস এল থাওসেন সশস্ত্র সীমা বলের ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন। প্রসঙ্গত উল্লেখ্য, ২০২১ সালের ডিসেম্বর মাসে পূর্ববর্তী

পদাধিকারী কুমার রাজেশ চন্দ্র অবসর নেওয়ার পর এতদিন স্থায়ী ডিজি ছিল না। অস্থায়ীভাবে এই পদের দায়িত্ব দায়িত্ব পালন করে আসছিলেন জুলফিকার হাসান।

97. (d) হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী জয়রাম ঠাকুর জনগণের ব্যবহারের ক্ষেত্রে 'ড্রোন পলিসি- ২০২২' কে অনুমোদন দিয়েছে। অ্যাচিভার্স

98. (c) সোমলিয়ার রাষ্ট্রপতি হাসান শেখ মহম্মদ সেদেশের জুবালান্ত স্টেট ইলেকশন কমিশনের প্রাক্তন চেয়ারম্যান হামজা আবদি ব্যারেকে সেদেশের প্রধানমন্ত্রী হিসাবে নিযুক্ত করেছেন।

99. (d) ভারতের বিশিষ্ট উর্দু ভাষাবিদ সম্প্রতি উত্তর ক্যারোলিনার চার্লোটে প্রয়াত হলেন। তিনি ১৯৯৫ সালে 'সাহিত্য অ্যাকাডেমি', ২০০৪ সালে 'পদ্মভূষণ' সম্মানে ভূষিত হয়েছেন।

100.(b) ইকুইটাস স্মল ফিনান্স ব্যাঙ্ক সম্প্রতি কচিকাচাদের জন্য 'ENJOY' নামক এক সেভিংস অ্যাকাউন্ট চালু করেছে। বাচ্চাদের সঞ্চয় করার অভ্যাস গড়ে তুলতে ১০-১৮ বছর বয়সিদের জন্য এই অ্যাকাউন্ট চালু করা হয়েছে। এই অ্যাকাউন্টে জমা টাকার উপর ৭ শতাংশ হারে সুদ প্রদান করা হবে। অ্যাচিভার্স

★★★